গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**

পরিকল্পনা ও উন্নয়ন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮- ৭৭

তারিখ: ০১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি'র মার্চ ২০২০ মাসের সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ১৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ, রবিবার; সকাল: ১১.০০ মিনিট।

স্থান : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১৫)।

সভাপতি **: নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।**

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ 'নৈতিকতা কমিটি'র বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এরপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**<br>বিগত ২৪ ডিসেম্বর ২০১৯ খ্রি, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে। | ২৪ ডিসেম্বর ২০১৯ খ্রি, তারিখের সভার কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপ-পরিচালক (উপসচিব) |
| ২.২ | **ট্রাস্টের অর্জিত সাফল্য ও অন্তরায় চিহ্নিতকরণসহ এর অগ্রগতি পর্যালোচনা:**<br>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের সামগ্রিক সাফল্য ও অন্তরায়সমূহ সভায় উপস্থাপন করে বলেন যে, জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের বিধান রয়েছে এবং প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত প্রেরণ করতে হয়। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র সভা নিয়মিত অনুষ্ঠিত হওয়ার পাশাপাশি এর সকল প্রকার কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভাকে অবহিত করেন।<br>তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করে আরো অবহিত করেন যে, ট্রাস্টের পরিচিতিবৃদ্ধিসহ এর উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ট্রাস্টের অংশীজনের অংশগ্রহণে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক' প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করা যেতে পারে।<br>আলোচনায় অংশগ্রহণ করে উপ-পরিচালক (উপসচিব) সভায় বলেন যে, বর্তমানে করোনা ভাইরাসের উপদ্রব বিবেচনায় রেখে স্বল্প পরিসরে ট্রাস্টের উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক' দু'টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে।<br>সভাপতি উপস্থিত সকলের আলোচনার পরিপ্রেক্ষিতে ট্রাস্টের বিগত সভার গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। তিনি অবহিত করে বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা আলোকে; জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উদ্বোধন অনুষ্ঠান ও মুজিব বর্ষ (১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১) ব্যাপক উৎসাহ উদ্দীপনা, উৎসবমুখর পরিবেশ ও যথাযথ ভাব-গম্ভীর্যের মধ্যদিয়ে ট্রাস্ট কর্তৃক পালন করা হবে।<br>সভাপতি সকলের সহযোগীতায় প্রতিটি শাখার কার্যক্রম সম্পাদন, অফিসিয়াল ডেকোরম অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাক-পরিচ্ছেদ পরিধান করে অফিসে উপস্থিতি, সকলের সাথে পারস্পরিক সৌজন্যবোধ বজায় রেখে আচার-আচরণ করাসহ কর্মকর্তা-কর্মচারীদের স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য নৈতিকতার সাথে সম্পাদনে অধিক গুরুত্বারোপ করেন।<br>তিনি আরো বলেন যে, অফিসের কার্যক্রমে শুদ্ধাচার প্রতিষ্ঠাসহ কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সুবিধাজনক সময়ে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা হবে এবং এ কার্যক্রম চলমান থাকবে। | ক) সুবিধাজনক সময়ে স্বল্প পরিসরে অংশীজনের অংশগ্রহণে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক' প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হবে। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |
| | | খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন বর্ষ ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে পালন করা হবে। | উপ-পরিচালক (উপসচিব) এবং সহকারী পরিচালক (সকল) |
| | | গ) সকল কর্মকর্তা-কর্মচারীগণ অফিসিয়াল ডেকোরম অনুযায়ী পোশাক-পরিচ্ছেদ পরিধান করে যথা সময়ে অফিসে উপস্থিত হবেন। | কর্মকর্তা/ কর্মচারী (সকল) |
| | | ঘ) করোনা ভাইরাস প্রতিরোধকল্পে কর্মকর্তা/কর্মচারীকে নিয়মিত স্ব-স্ব শাখা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **বিবিধ:**<br>সদস্য-সচিব সভায় আরো অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থবছরের প্রণয়নকৃত ওয়েবসাইটে আপলোড করা সিটিজেন্স চার্টারটির কিছু কার্যক্রম যেমন: ট্রাস্টের ওয়েব এড্রেস পরিবর্তন, সকল শাখার ই-মেইল পরিবর্তন ও শাখার নির্ধারিত কার্যক্রমের সামগ্রিক কিছু পরিবর্তন করা হয়েছে যা, সংশোধনসহ আপডেট করে ওয়েবসাইটে আপলোডসহ তা অফিসের নির্ধারিত স্থানে ডিজিটালাইজডভাবে স্থাপন করা যেতে পারে। সভাপতি দ্রুততম সময়ে সিটিসেন্স চার্টার আপডেট করার উপর গুরুত্বারোপ করেন।<br>সভাপতি ট্রাস্টের কাজের অগ্রগতিতে পুনরায় সন্তোষ পোষণ করে সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পরিচ্ছন্ন পরিবেশে দায়িত্ব ও কর্তব্য পালনের উপর গুরুত্বারোপ করেন। | সিটিজেন্স চার্টার আপডেট করে ওয়েবসাইটে আপলোডসহ নির্ধারিত স্থানে দ্রুততম সময়ে স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |

৩.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিতির জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.০৬.২০২০

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৪২৫
e-mail: md@pmeat.gov.bd

**বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
২। সহকারী পরিচালক (উপবৃত্তি/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৭। ডাটা এন্ট্রি অপারেটর/কন্ট্রোল অপারেটর (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮- ৭৭

তারিখ: ০১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপ-সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫। অফিস কপি।

১৫/০৬/২০২০

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৯১২২৫২৪
e-mail: ad.planning@ pmeat.gov.bd